কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং : ১২.০০.০০০০.০৯৮.১৬.০০৫.১৬-১৮৬** **তারিখ : ১৯-০২-২০১৭ খ্রিঃ**

**বিষয় : "ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট (NPGRI)" কর্তৃপক্ষ গঠনের খসড়ার উপর বিশেষজ্ঞ কমিটি ও সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।**

অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ জনাব আশ্রাফ উদ্দিন আহমেদ মহোদয়ের সভাপতিত্বে গত ১৪-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত "ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট (NPGRI)" কর্তৃপক্ষ গঠনের খসড়ার উপর বিশেষজ্ঞ কমিটি ও সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) সভার কার্যবিবরণী (সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

১৯/২/১৭
(মো: আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স : ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১। প্রফেসর ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়া, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেকৃবি, ঢাকা;
০২। প্রফেসর ড. লুৎফর রহমান (অব:), বাকৃবি, ময়মনসিংহ ও উপদেষ্টা, এসিআই এগ্রিবিজনেস;
০৩। ড. মো. আবদুর রাজ্জাক, সাবেক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা;
০৪। পরিচালক, গবেষণা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর;
০৫। পরিচালক, গবেষণা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর;
০৬। পরিচালক, গবেষণা, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর;
০৭। পরিচালক, গবেষণা, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা;
০৮। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষিভবন, ঢাকা;
০৯। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা;
১০। প্রফেসর ড. আব্দুর রহিম, উদ্যানতত্ত্ব বিভাগ ও পরিচালক, জার্মপ্লাজম সেন্টার, বাকৃবি, ময়মনসিংহ;
১১। প্রফেসর ড. নাসরিন আক্তার আইভি, জিপিবি, শেমুরকৃবি, সালনা, গাজীপুর;
১২। প্রফেসর ড. মাহবুব রব্বানী, উদ্যানতত্ত্ব বিভাগ, পবিপ্রবি, দুমকী, পটুয়াখালী;
১৩। প্রফেসর ড. ভবেন্দ্র কুমার বিশ্বাস, হাবিপ্রবি, বাঁশেরহাট, দিনাজপুর;
১৪। সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;
১৫। পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা;
১৬। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা;
১৭। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর;
১৮। ড. মো. নজমুল হুদা, সাবেক প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয়;
১৯। প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
২০। ড. এফ এইচ আনসারী, নির্বাহী পরিচালক, এসিআই এগ্রিবিজনেস, তেজগাঁও, ঢাকা;
২১। মোহাম্মদ মাসুম, চেয়ারম্যান, সুপ্রিম সীড কোম্পানী, উত্তরা, ঢাকা;
২২। সভাপতি, বিএসএ, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা;
২৩। ড. খায়রুল বাশার, সভাপতি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি এবং কান্ট্রি ম্যানেজার, হারভেষ্ট প্লাস, বাংলাদেশ;
২৪। জনাব মো: শাহজাহান আলী, এডভাইজার, পেট্রোকেম বাংলাদেশ লি:, এবিসি হেরিটেজ (৪র্থ তলা), জসিম উদ্দিন এভিনিউ, উত্তরা, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। অতিরিক্ত সচিব (গবেষণা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয় **(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
০৫। মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। অফিস কপি/মাস্টার ফাইল।

## ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট (NPGRI) কর্তৃপক্ষ গঠনের খসড়ার উপর বিশেষজ্ঞ কমিটি ও সংশ্লিষ্ট অংশীজনদের উপস্থিতিতে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : আশ্রাফ উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ১৪ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ। |
| সময় | : বেলা ১০.৩০ টা। |
| স্থান | : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য-পরিচালক (শস্য), বিএআরসি এবং সদস্য সচিব, NPGRI প্রনয়ণ কমিটি, পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট আইন/কর্তৃপক্ষ গঠনের উপর তৈরী খসড়া উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করে তাদের মতামত ও সুপারিশ প্রদান করেন।

**সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :**

- সভায় উপস্থিত সদস্যবৃন্দ আগামী ১০ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে সদস্য সচিবের নিকট লিখিত এবং ই-মেইল এর মাধ্যমে সফ্‌টকপিসহ তাদের মতামত ও সুপারিশ প্রেরণ করবেন।
- সংশ্লিষ্ট সকলের মতামত পাওয়ার পর বিশেষজ্ঞ কমিটি ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউটের খসড়ায় প্রযোজ্য ক্ষেত্রে মতামত সংযোজন-বিয়োজন করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট গঠনের খসড়ায় যে সকল শব্দ বাংলা ভাষায় সকলের নিকট সহজবোধ্য এবং বহুল প্রচলিত সেগুলোর ক্ষেত্রে বাংলা শব্দ ব্যবহার করতে হবে। তবে যে সব শব্দ কারিগরি বিষয়ক এবং আন্তর্জাতিক যোগাযোগের জন্য প্রযোজ্য সেসব শব্দের ক্ষেত্রে বাংলা এবং বন্ধনীর মধ্যে ইংরেজি শব্দ রাখতে হবে।
- ন্যাশনাল প্লান্ট জেনেটিক ইনস্টিটিউট পরিচালনা বোর্ডে সদস্য সংখ্যা কৃষি মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান (NARS) এর সাথে সামঞ্জস্য রেখে যুক্তিসঙ্গত পর্যায়ে রাখতে হবে।
- ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট এর লক্ষ্য ও উদ্দেশ্য এর বিষয়ে International Treaty on Plant Genetic Resources for Food and Agriculture (ITPGRFA) এবং Article এর অনুসরণে পরিমার্জন ও পরিবর্ধন করে সন্নিবেশ করতে হবে।
- অন্যান্য প্রচলিত সকল আইনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অথবা অন্য গবেষণা ইনস্টিটিউট যে সকল সাধারণ ধারা যেমন-অপরাধ, দণ্ড, আপিল; অপরাধ বিচারার্থে গ্রহণ ও বিচার, ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ ইত্যাদি ধারা সংযুক্ত করে পূর্ণাঙ্গ আকারে প্রস্তাব প্রেরণ করতে হবে।

পরিশেষে, উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/২/২০১৭

**(আশ্রাফ উদ্দিন আহমেদ)**
অতিরিক্ত সচিব
এবং
মহাপরিচালক, বীজ অনুবিভাগ
কৃষি মন্ত্রণালয়।

E:\NPGRI\Minutes- (NPGRI-19 Feb 2017).docx